“কৃষিই সমৃদ্ধি”

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

**কৃষি ভবন**

website: www.badc.gov.bd

(সাধারণ পরিচর্যা বিভাগ)

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৬.৯৯.০০১.১৯-২৬৫৯

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ, ১৪২৬ / ১২ জুন, ২০১৯

## সভার নোটিশ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)-এর ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটির সভা আগামি ১৬ জুন ২০১৯ (০২ আষাঢ় ১৪২৬) তারিখ রোজ রবিবার বেলা ৩.০০ ঘটিকায় কমিটির সভাপতি ও চেয়ারম্যান, বিএডিসি মহোদয়ের সভাপতিত্বে পর্ষদ সভা কক্ষে (কৃষি ভবন, ১১তম তলা, ব্লক-এ, ৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০) অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। সভার আলোচ্যসূচিঃ

আলোচ্যসূচি-১: কৃষি ভবনস্থ নীচ তলায় সোনালী ব্যাংক লিঃ-এর নিকট ভাড়াকৃত ১৭৩৭ বর্গফুট জায়গার ভাড়ার হার এবং মেয়াদ পুনঃনির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচ্যসূচি-২: বিবিধ।

১২/০৬/২০১৯

(আব্দুল লতিফ মোল্লা)
সচিব, বিএডিসি
ও
সদস্য সচিব
ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি।

বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (বীজ ও উদ্যান/ অর্থ/ সার ব্যবস্থাপনা/ ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা ও সদস্য, ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি।
২. প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা (আমন্ত্রিত অতিথি হিসেবে সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)।
৩. হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা (আমন্ত্রিত অতিথি হিসেবে সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)।
৪. প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (নোটিশটি বিএডিসি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. যুগ্মপরিচালক, সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা (প্রয়োজনীয় তথ্যাদিসহ সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)।
৬. উপপরিচালক, সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা (সভার আপ্যায়ন ও সম্মানি প্রদানের অনুরোধসহ)।
৭. উপপরিচালক (আইন), বিএডিসি, ঢাকা (আমন্ত্রিত অতিথি হিসেবে সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)।
৮. সহকারী মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, কৃষি ভবন শাখা, দিলকুশা, ঢাকা (সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)।

অনুলিপি:

১. চেয়ারম্যান মহোদয় এর একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সচিব মহোদয় এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. অফিস কপি/ মাস্টার ফাইল, সাধারণ পরিচর্যা বিভাগ।

Programmar
12.6.19

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

কৃষি ভবন

(সাধারণ পরিচর্যা বিভাগ)

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)-এর কৃষি ভবনস্থ নীচ তলার সোনালী ব্যাংক লিঃ এর নিকট ভাড়া প্রদানকৃত ১৭৩৭ বর্গফুট জায়গার ভাড়া হার ও মেয়াদ পুনঃনির্ধারণের নিমিত্ত বিএডিসি'র 'ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি'র ১৬ জুন ২০১৯ (২ আষাঢ় ১৪২৬) তারিখে সভার কার্যপত্র।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)-এর কৃষি ভবনস্থ নীচ তলায় অবস্থিত সোনালী ব্যাংক লিমিটেড এর নিকট ভাড়া প্রদানকৃত ১৭৩৭ বর্গফুট জায়গার ভাড়া হার ও মেয়াদ পুনঃনির্ধারণের নিমিত্ত বিগত ৩০ এপ্রিল ২০১৯ (১৭ বৈশাখ ১৪২৬) তারিখে "ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি" এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সোনালী ব্যাংক লিঃ-কে কৃষি ভবনের নীচ তলাস্থ ১৭৩৭ (এক হাজার সাতশত সাইঁত্রিশ) বর্গফুট জায়গার ভাড়া হার ও মেয়াদ পুনঃনির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার গৃহিত সিদ্ধান্ত মোতাবেক প্রতি বর্গফুট মাসিক নীট ভাড়ার হার ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা এবং মেয়াদকাল ০১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত (সর্বমোট তিন বছর) নির্ধারণের বিষয়ে সম্মতি জ্ঞাপনের নিমিত্ত সাধারণ পরিচর্যা বিভাগের বিগত ০৯ মে ২০১৯ (২৬ বৈশাখ ১৪২৬) তারিখের ২৫৯১ নং স্মারকমূলে সোনালী ব্যাংক লিমিটেড এর কৃষি ভবন শাখা বরাবর পত্র প্রেরণ করা হয় (পরিশিষ্ট-১)।

প্রেরিত পত্রের পরিপ্রেক্ষিতে সোনালী ব্যাংক লিমিটেড এর কৃষি ভবন শাখা কর্তৃক বিগত ২০ মে ২০১৯ তারিখের ২৫৬ নং স্মারকমূলে (পরিশিষ্ট-২) অবহিত করা হয় যে, কৃষি ভবনস্থ শাখাটি মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড বিগত ১৯৭৭ সাল হতে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। বিএডিসি'র সদর দপ্তরের সকল প্রকার হিসাব এ শাখায় পরিচালিত হয় এবং এই শাখার মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন প্রান্তে অবস্থিত বিএডিসি'র মাঠ পর্যায়ের দপ্তরসমূহে তহবিল প্রেরণ করা হয়। উক্ত তহবিল হস্তান্তরের ক্ষেত্রে বিএডিসি'র নিকট হতে কোন প্রকার চার্জ আদায়/আরোপ করা হয় না। বিষয়টি বিবেচনা পূর্বক মাসিক ভাড়া হার দ্বিগুন এর বেশি না করে সহনিয় পর্যায়ে নির্ধারণ করা জন্য দ্বিপক্ষীয় আলোচনার মাধ্যমে বিষয়টি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হয়।

বিএডিসি'র এর কৃষি ভবনস্থ নীচ তলার ১৭৩৭ বর্গফুট জায়গা সোনালী ব্যাংক লিঃ এর নিকট ৫ (পাঁচ) বছর (জুলাই, ২০১৪ হতে জুন, ২০১৯) মেয়াদে প্রতি বর্গফুট ভ্যাটসহ ৬০/- হারে ভাড়া প্রদান করা হয় যার মেয়াদ আগামি ৩০ জুন, ২০১৯ তারিখে শেষ হবে বিধায় আগামি ৩০ জুন, ২০১৯ তারিখের পূর্বেই ভাড়া ও মেয়াদ পুনঃনির্ধারণপূর্বক চুক্তি করা প্রয়োজন। অন্যদিকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ভবনের হোল্ডিং ট্যাক্স প্রায় ০৪ (চার) গুন বৃদ্ধি করা হয়েছে। তাছাড়া কৃষি ভবনের মেজনাইন ফ্লোরে সীমান্ত ব্যাংক লিঃ কে প্রতি বর্গফুট ভাড়া নিম্নবর্ণিত হারে ভাড়া প্রদান করা হয়েছেঃ

| Period | Area in Square Feet | Rent in Taka for per Square Feet | Total monthly rent (Taka). | Car Parking (Including VAT and Tax) | Total Rent Per Month (Excluding VAT) |
|---|---|---|---|---|---|
| First year 01 October, 2017 to 30 September, 2018 | 2449.70 | 100.00 | 2,44,970.00/- | 3,000×2=6,000/- | 2,50,970.00/- |
| Second year 01 October, 2018 to 30 September, 2019 | 2449.70 | 105.00 | 2,57,218.50/- | 3,000×2=6,000/- | 2,63,218.50/- |
| Third year 01 October, 2019 to 30 September, 2020 | 2449.70 | 110.25 | 2,70,079.43/- | 3,000×2=6,000/- | 276079.43/- |

এমতাবস্থায়, সোনালী ব্যাংকের নিকট ১৭৩৭ বর্গফুট জায়গার ভাড়া (পার্কিং ভাড়াসহ) ও মেয়াদ পুনঃনির্ধারণ নিমিত্ত "ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি" এর সভায় উপস্থাপন করা হলো।

(মোহাম্মদ জাকিরুল ইসলাম)
পরিচিতি নং-০১০০২৬
যুগ্মপরিচালক (সাঃ পঃ)
বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৫১৭১১
ই-মেইলঃ js_cs@badc.gov.bd

পরিশিষ্ট - ১

কৃষিই সমৃদ্ধি

১৩৬

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
কৃষি ভবন
website: www.badc.gov.bd
(সাধারণ পরিচর্যা বিভাগ)

স্মারক নং- ১২.২০৬.০০৬.০০.০০.১৩৩.২০১০-২৫৯১

তারিখ: ২৬ বৈশাখ, ১৪২৬ / ০৯ মে, ২০১৯

বিষয়: বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)-এর কৃষি ভবনস্থ নীচ তলার সোনালী ব্যাংক লিঃ-এর নিকট ভাড়া প্রদানকৃত ১৭৩৭ (এক হাজার সাতশত সাঁইত্রিশ) বর্গফুট জায়গার ভাড়ার হার ও মেয়াদ পুনঃনির্ধারণ প্রসঙ্গ।

সূত্র: বিএডিসি'র ৩০ এপ্রিল ২০১৯ (১৭ বৈশাখ ১৪২৬) তারিখের বিএডিসি'র ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি'র সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)-এর কৃষি ভবনের নীচ তলাস্থ সোনালী ব্যাংক লিঃ-এর নিকট ভাড়া প্রদানকৃত ১৭৩৭ (এক হাজার সাতশত সাঁইত্রিশ) বর্গফুট জায়গার ভাড়ার হার ও মেয়াদের বিষয়ে বিগত ৩০ এপ্রিল ২০১৯ তারিখে বিএডিসি'র চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত "ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি" -এর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

ক) প্রতি বর্গফুট জায়গার মাসিক নীট ভাড়ার হার ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা + সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট পুনঃনির্ধারণ করা হলো এবং ভাড়ার চুক্তির মেয়াদ আগামী ০৩ (তিন) বছরের (০১ জুলাই, ২০১৯ হতে ৩০ জুন ২০২২) জন্য নতুনভাবে ভাড়া প্রদানের নিমিত্ত নতুনভাবে চুক্তি স্বাক্ষরিত হবে।

খ) উক্ত ভাড়ার ওপর সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট, ট্যাক্স, উৎসে কর, ডিপিডিসি কর্তৃক নির্ধারিত হারে মিটার অনুযায়ী বিদ্যুৎ বিল এবং ওয়াসা কর্তৃক নির্ধারিত হারে মিটার অনুযায়ী পানির বিল (নির্মাণ বিভাগ কর্তৃক দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে) এবং আনুষাঙ্গিক বিল সোনালী ব্যাংক লিঃ কর্তৃক প্রদেয় হবে।

গ) গাড়ী পার্কিং চার্জ অনধিক একটি গাড়ি মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা + ভ্যাট প্রদেয় হবে।

ঘ) সোনালী ব্যাংক লিঃ-কে চুক্তি স্বাক্ষরের পূর্বে নীট ভাড়ার ৬ (ছয়) মাসের সমপরিমাণ অগ্রীম জমা প্রদানের শর্তে ভাড়া প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। জামানতের অর্থ সমন্বয়যোগ্য নয় বিধায় চুক্তির মেয়াদ শেষে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জামানত সোনালী ব্যাংক লিঃ -কে বিএডিসি কর্তৃক ফেরত প্রদান করা হবে।

ঙ) মাসিক ভাড়া চুক্তির ২য় বছর হতে মাসিক নীট ভাড়ার ৫% হারে এবং ৩য় বছর হতে ২য় বছরের মাসিক নীট ভাড়ার ৫% হারে বৃদ্ধি পাবে।

চ) কৃষি ভবন আধুনিকীকরণের জন্য ভাড়াকৃত স্পেস স্থানান্তরের প্রয়োজন হলে দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

ছ) প্রতি বর্গফুট জায়গার মাসিক নীট ভাড়ার বিষয়ে দ্বিপাক্ষিক আলোচনার সুযোগ রয়েছে যা সোনালী ব্যাংক লিঃ এর প্রস্তাবের পরিপ্রেক্ষিতে পরবর্তি 'ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি'র সভায় মাসিক নীট ভাড়ার হার এবং মেয়াদ চূড়ান্ত করা হবে।

জ) বিএডিসি কর্তৃক সিভিল ওয়ার্কস (যথাঃ ফ্লোর টাইলস, শুধুমাত্র বৈদ্যুতিক মূল সংযোগ ও দুইটি টয়লেট নির্মাণ) সম্পন্ন করা হবে।

ঝ) ব্যাংকের অভ্যন্তরীণ সার্বিক নিরাপত্তা ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক নিশ্চিত করতে হবে।

ঞ) উপরে আলোচিত/সিদ্ধান্ত নেয়া হয়নি এমন কোন বিষয় পরবর্তীতে উত্থাপিত হলে তা দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

০২। এমতাবস্থায়, বর্নিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কৃষি ভবনের নীচ তলাস্থ আপনার নিকট ভাড়া প্রদানকৃত ১৭৩৭ (এক হাজার সাতশত সাঁইত্রিশ) বর্গফুট জায়গা ০১ জুলাই, ২০১৯ হতে ৩০ জুন ২০২২ মেয়াদে নতুনভাবে ভাড়া চুক্তি সম্পাদনের নিমিত্ত সম্মতি জ্ঞাপন আগামি ২৬ মে ২০১৯ তারিখের মধ্যে সচিব, বিএডিসি বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ জাকিরুল ইসলাম)
পরিচিতি নম্বর-০১০০২৬
যুগ্মসচিব (সাঃ পঃ)
বিএডিসি, ঢাকা।
ফোন; ০২-৯৫৫১৭১১
ই-মেইল: js_cs@badc.gov.bd

সহকারী মহাব্যবস্থাপক
সোনালী ব্যাংক লিমিটেড
কৃষি ভবন শাখা, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. প্রধান প্রকৌশলী, নির্মাণ বিভাগ, বিএডিসি, ঢাকা।
২. হিসাব নিয়ন্ত্রক, হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৪. সচিব মহোদয়ের সহঃ ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৫. অফিস কপি/মাস্টার ফাইল।

পরিশিষ্ট-২


সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

কৃষি ভবন শাখা, ঢাকা।
"বিএডিসি ভবন", (নিচ তলা)
৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা।
ফোনঃ ৯৫৫১৮৬৮, ৯৫৭৩৪৭৪
মোবাইলঃ ০১৭৫৫৫৩৩১০৬
E-mail : brkrishibhaban@sonalibank.com.bd


নং এসবিএল/কৃষি ভবন/সংস্থাপন/ ২৫৮
তারিখঃ ২০-০৫-২০১৯

মোহাম্মদ জাকিরুল ইসলাম
যুগ্মসচিব
সাধারণ পরিচর্যা বিভাগ
বিএডিসি (কৃষি ভবন)
৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা।

বিষয়ঃ- ভবন ভাড়া বৃদ্ধি সমন্বয় করণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের কার্যালয়ের ০৯-০৫-২০১৯ তারিখের ২৫৯১ সংখ্যক পত্রের সূত্র উল্লেখ্য। সূত্রস্থ পত্রে ভবন ভাড়া বৃদ্ধির প্রস্তাবের বিষয়টি অবহিত করা হয়েছে এবং বর্তমানে প্রতি বর্গফুট ৬০/-টাকা হারে ৩০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত ভাড়া চুক্তি বিদ্যমান রয়েছে যা আপনাদের কর্তৃক পরবর্তী সময়ের জন্য বর্গফুট ১৫০/-টাকা হারে নির্ধারনের প্রস্তাব করা হয়েছে।

উল্লেখ্য সোনালী ব্যাংক লিমিটেড, কৃষি ভবন শাখাটি আপনাদের ভবনে গত ১৯৭৭ সাল থেকে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। আপনাদের সকল প্রকারের হিসাব এ শাখায় পরিচালিত হয় এবং এ শাখার মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন প্রান্তে তহবিল প্রেরন করা হয়। উল্লেখ্য তহবিল স্থানান্তরের ক্ষেত্রে আপনাদের নিকট থেকে কোন প্রকারের চার্জ আদায়/আরোপ করা হয়না। ফলে হঠাৎকরে ভবন ভাড়া দিগুনেরও বেশী বৃদ্ধি করা সমিচীন কিনা তা বিবেচনা করা প্রয়োজন।

এমতাবস্থায়, আমরা দ্বিপক্ষিয় আলোচনার মাধ্যমে ভবন ভাড়ার বিষয়টি নিস্পত্তি করতে ইচ্ছুক এবং ভাড়া বৃদ্ধি দিগুনেরও বেশী না করে সহনিয় পর্যায়ে নির্ধারন করার জন্য ও তহবিল স্থানান্তরে কমিশন আরোপের বিষয়টি বিবেচনায় আনার জন্য আনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(রাশেদা বীন রউফ)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

যুগ্মসচিব
সাধারণ পরিচর্যা বিভাগ
☐ উপসচিব (সাঃ পঃ)-১
☐ উপসচিব (সাঃ পঃ)-২
☐ সহঃ সচিব (নিরাপত্তা)
☐ সহঃ প্রকৌশলী (যানবাহন)
☐ প্রশাসনিক কর্মকর্তা
☐ হিসাব রক্ষণ কর্মকর্তা
☐ সহঃ প্রশাসনিক কর্মকর্তা
☐ সহঃ পরিচর্যা কর্মকর্তা
☐ ভান্ডার কর্মকর্তা (মজুদ সাপেক্ষে সরবরাহ করুন)
☐ সহঃ ব্যক্তিগত কর্মকর্তা
☐
ডাইরী নং : ১৫৮
তারিখ : ২৩/৫/১৯
স্বাক্ষর